৩০।৮।২০০১

দৈনিক ইনকিলাব

তারিখ ------
পৃষ্ঠা ৮ ... কলাম ৩



*ইনকিলাব ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসির বাসভবনের সামনে গতকাল ছাত্রদলের প্রতীক অনশন উপলক্ষে ভিসির বাসভবনের সামনে কড়া পুলিশী প্রহরা বসানো হয়*

**ঢাঃ বিঃ ভিসির পদত্যাগের দাবী অব্যাহত**

# ক্যাম্পাসে ছাত্রদলের আড়াই ঘণ্টা প্রতীক অনশন কর্মসূচী পালন

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয় ভিসির পদত্যাগের দাবীতে জাতীয়তাবাদী ছাত্রদল গতকাল (বৃহস্পতিবার) বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আড়াই ঘণ্টা প্রতীক অনশন কর্মসূচী পালন করে। ভিসির বাসভবনের সামনে ছাত্রদলের অনশন পালন করার কথা থাকলেও পুলিশী বাধার কারণে কলাভবনের প্রধান গেটে তা পালন করা হয়। এ উপলক্ষে ভিসির বাসভবনসহ গোটা ক্যাম্পাস এলাকায় গতকাল কড়া পুলিশী প্রহরা বসানো হয়। এদিকে 'সচেতন ছাত্র-ছাত্রী'র ব্যানারে একদল ছাত্র-ছাত্রী ক্যাম্পাসের অচলাবস্থা নিরসনের দাবীতে সমাবেশ ও র‍্যালি করেছে।

গতকাল ভিসির বাসভবনের আশপাশে বিপুল সংখ্যক দাঙ্গা পুলিশ মোতায়েন করা হয়। ক্যাম্পাসের বিভিন্ন পয়েন্টে এ পুলিশী প্রহরা বসানো হয়। কলাভবনে প্রবেশমুখে সকল গেট বন্ধ করে দেয়া হয়। এতে অনেক ছাত্র-ছাত্রী ও শিক্ষককে হয়রানির শিকার হতে হয়। বেলা সোয়া ১২টার দিকে ছাত্রদল মধুর কেন্টিন থেকে মিছিল বের করে ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে ভিসির বাসভবনের দিকে যেতে চাইলে

পুলিশ গেট আটকে দিয়ে বাধা দেয়। এ সময় গেটের ওপাশে পুলিশের সাথে ছাত্রদল নেতা-কর্মীদের মৃদু ধস্তাধস্তি হয়। পুলিশী বাধার মুখে ছাত্রদল নেতা-কর্মীরা সেখানেই বসে পড়ে বেলা সাড়ে ১২টা থেকে শুরু করে ৩টা পর্যন্ত প্রতীক

৫-এর পৃঃ ৩-এর কঃ দেখুন

# ক্যাম্পাসে ছাত্রদলের অনশন কর্মসূচী

৮-এর পৃষ্ঠার পর

অনশন কর্মসূচী পালন করে। অনশন চলাকালে ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মনির হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন কেন্দ্রীয় সংসদের সাধারণ সম্পাদক সাহাবুদ্দীন লাল্টু, সহ-সভাপতি আজিজুল বারী হেলাল, রেহেনা আক্তার রানু, সুলতান সালাউদ্দিন টুকু, সেলিমুজ্জামান সেলিম, মোস্তাফিজুল ইসলাম মামুন, ফরহাদ হোসেন আজাদ, মোস্তফা খান সফরী, আবুল কাদের জুয়েল, সাইফুল ইসলাম ফিরোজ, খন্দকার জুলফিকার জনি, একরামুল হক বিপ্লব, দুলাল হোসেন, শাম্মী আকতার, রোখসানা খানম মিতুয়া, শহিদুল ইসলাম বাবুল, হায়দার আলী লেলিন, আতিকুর রহমান, শহীদুল্লাহ ইমরান, সাইদুর রহমান, গোলাম হাফিজ নাহিন, বিল্লাল হোসেন তারেক, হালিমা খানম লুচি, নাসির, নাইমা সুলতানা।

সমাবেশে সাহাবুদ্দীন লাল্টু বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের আওয়ামী ভিসি আজাদ চৌধুরী ছাত্রলীগের সাথে ষড়যন্ত্র করেই গত পাঁচ বছরে ছাত্রদলকে হল থেকে বিতাড়িত করে ছাত্রদলের রাজনীতি বন্ধ করার ষড়যন্ত্র করেছিল। আজও ভিসির চেয়ারে বসে আওয়ামী লীগের দালাল আজাদ চৌধুরী ছাত্রদলের বিরুদ্ধে ষড়যন্ত্র করছে। তিনি অবিলম্বে আজাদ চৌধুরীর পদত্যাগ দাবী করে বলেন, ভিসির পদত্যাগ ছাড়া ছাত্রদল কর্তৃপক্ষের সাথে কোন আলোচনায় বসবে না। মনির হোসেন বলেন, ভিসির অপসারণ পর্যন্ত ছাত্রদল ক্যাম্পাসে নিয়মতান্ত্রিক আন্দোলন চালিয়ে যাবে।

এদিকে অবিলম্বে বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থা নিরসনে সচেতন ছাত্রছাত্রীর ব্যানারে অর্ধশতাধিক ছাত্রছাত্রী গতকাল ক্যাম্পাসে র‍্যালি ও সমাবেশ করে। কেন্দ্রীয় লাইব্রেরীর সম্মুখে অনুষ্ঠিত সমাবেশে বক্তাগণ অবিলম্বে শান্তিপূর্ণ উপায়ে ক্যাম্পাসে অচলাবস্থা নিরসনের দাবী জানান। সমাবেশ থেকে আগামী রবিবার সকাল ১১টায় ক্যাম্পাসে মিছিল শেষে বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলরের কাছে স্মারকলিপি পেশের কর্মসূচী ঘোষণা করা হয়। সমাবেশ শেষে র‍্যালি ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে প্রেসক্লাবে এসে শেষ হয়।